



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

তারিখঃ ১৫/০৩/২০১৯ খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয়ে “১ম ইন্টারন্যাশনাল কনফারেন্স অন সোস্যাল সায়েন্স এন্ড ল-২০১৯” শীর্ষক সম্মেলনের উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদ এবং আইন অনুষদের যৌথ আয়োজনে “১ম ইন্টারন্যাশনাল কনফারেন্স অন সোস্যাল সায়েন্স এন্ড ল-২০১৯” শীর্ষক এক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। অদ্য ১৫ মার্চ ২০১৯ তারিখ সকাল ৯.৩০ ঘটিকায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন-২ এর ৬ষ্ঠ তলায় অবস্থিত কনফারেন্স হলে ২ দিন ব্যাপি এ সম্মেলনের উদ্বোধন করেন অনুষ্ঠানের সভাপতি বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য শিক্ষাবিদ প্রফেসর ড. এস এম ইমামুল হক। আন্তর্জাতিক এ সম্মেলনের উদ্বোধনী পর্বে প্রধান বক্তা ছিলেন দিল্লী বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের প্রফেসর ড. অভিজিত দাস গুপ্ত। সম্মানিত অতিথি হিসেবে বরিশাল বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, ভারতের ইনস্টিটিউট ফর ডিফেন্স স্টাডিজ এর রিসার্চ ফেলো ড. শ্রুতি এস পাটনায়েক, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের প্রফেসর ড. মনিরুল ইসলাম খান উপস্থিত ছিলেন। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের কলা ও মানবিক অনুষদের ডিন, ইংরেজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন, বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডিন, মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান এবং রেজিস্ট্রার ড. মোঃ হাসিনুর রহমান। উক্ত সম্মেলনে বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের চেয়ারম্যানবৃন্দ, শিক্ষকমন্ডলী, দেশ ও দেশের বাহিরের বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষক, গবেষক, বিশিষ্ট ব্যক্তিবর্গ এবং শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। সম্মেলন আয়োজক কমিটির আহ্বায়ক হিসেবে দায়িত্ব পালন করেন ববির সমাজবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অসীম কুমার নন্দী এবং সদস্য সচিব ছিলেন আইন বিভাগের চেয়ারম্যান সুপ্রভাত হালদার। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন রাষ্ট্রবিজ্ঞান বিভাগের প্রভাষক সোহেল রানা। সম্মেলনের সমাপনী পর্ব ১৬ মার্চ ২০১৯ তারিখ দুপুর ১ ঘটিকায় অনুষ্ঠিত হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস